রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ৩১, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
**বন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৫ ভাদ্র ১৪৩৩/২০ আগস্ট ২০২৬

**নং ২২.০০.০০০০.০০০.০৬৬.৩১.০০০১.২৬.৩৩৩**—'৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের নিমিত্ত বিশেষায়িত জ্ঞান, অভিজ্ঞতা ও পরামর্শ প্রদানের মাধ্যমে বৃক্ষরোপণ 'সেল' ও 'সেল'-এর সহায়ক টাস্কফোর্স-কে সার্বিক সহায়তা প্রদানের জন্য নিম্নোক্তভাবে পরামর্শক পুল গঠন করা হলো:

**পরামর্শক পুল:**

| ক্রমিক | নাম ও পদবি | 'পুলে' পরিচিতি |
|---|---|---|
| ০১ | ড. মো: সাইমুম পারভেজ<br>মাননীয় প্রধানমন্ত্রীর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশেষ সহকারী | সভাপতি |
| ০২ | জনাব এ. এস. এম. আমানউল্লাহ<br>উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ০৩ | জনাব গোলাম ইফতেখার মাহমুদ<br>সম্পাদক ও প্রকাশক, ঢাকা স্ট্রিম | সদস্য |
| ০৪ | জনাব মোস্তফা কামাল পলাশ<br>আবহাওয়া ও জলবায়ু গবেষক, ইউনিভার্সিটি অব সাসকাচুয়ান, কানাডা | সদস্য |
| ০৫ | ড. ফয়সাল কবির শুভ<br>গবেষক ও স্পেশিয়াল ডেটা সায়েন্টিস্ট, সিডনি ওয়াটার, অস্ট্রেলিয়া | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| ক্রমিক | নাম ও পদবি | 'পুলে' পরিচিতি |
|---|---|---|
| ০৬ | জনাব সাদিকুর রহমান<br>কৌশলগত যোগাযোগ বিশেষজ্ঞ | সদস্য |
| ০৭ | জনাব মোহাম্মদ সুবাইল বিন আলম<br>টেকসই উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক কারিগরি বিশেষজ্ঞ | সদস্য |
| ০৮ | জনাব নাহিদ জামান সোমা<br>সহকারী পরিচালক, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (BUP) ও সহ-সভাপতি, অল ব্রডকাস্টার্স কমিউনিটি | সদস্য |
| ০৯ | প্রকৌশলী সালাহউদ্দিন আহমেদ রায়হান<br>প্রধান নির্বাহী কর্মকর্তা, এএসএম ইঞ্জিনিয়াস অ্যান্ড কনসালট্যান্টস | সদস্য |
| ১০ | জনাব এম. জাকির হোসেন খান<br>সহ-প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক, 'চেঞ্জ ইনিশিয়েটিভ' (Change Initiative) | সদস্য |
| ১১ | জনাব মো. জাহিদ হাসান সিদ্দিকী<br>জিআইএস ও রিমোট সেন্সিং বিশেষজ্ঞ, আইসিটি, জিআইএস ও রিমোট সেন্সিং বিভাগ, আইডব্লিউএম | সদস্য |
| ১২ | প্রকৌশলী শাহ আদনান মাহমুদ<br>জলবায়ু ও নবায়নযোগ্য জ্বালানি অর্থায়ন সংক্রান্ত কারিগরি বিশেষজ্ঞ | সদস্য |
| ১৩ | জনাব মো. আলী ইমাম<br>পরামর্শক, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও বিশ্বব্যাংক | সদস্য |
| ১৪ | জনাব মোঃ মেহেদী হাসান খান<br>বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ কর্মকর্তা<br>রিমস্ ইউনিট, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও। | সদস্য-সচিব |

**কার্যপরিধি (Terms of Reference):**

(i) পুল বৃক্ষরোপণ সেলের চাহিদা অনুযায়ী পর্যায়ক্রমিকভাবে (periodical) কারিগরি ও পেশাগত সহায়তা প্রদান করবে এবং টাস্কফোর্সের মাধ্যমে বৃক্ষরোপণ সেলের নিকট প্রতিবেদন উপস্থাপন করবে;

(ii) কর্মসূচি সংশ্লিষ্ট নীতি, কৌশল ও নির্দেশিকা প্রণয়নে মতামত প্রদান এবং বিদ্যমান নীতি-কাঠামো পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সংশোধন, পরিমার্জন ও সংস্কার বিষয়ে সুপারিশ প্রদান;

বৃক্ষরোপণের স্থান নির্বাচন, ম্যাপিং, অগ্রগতি পরিবীক্ষণ ও ডেটাভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে জিআইএস, রিমোট, সেন্সিং ও স্পেশিয়াল ডেটা সায়েন্সসহ আধুনিক প্রযুক্তির প্রয়োগ বিষয়ে কারিগরি পরামর্শ প্রদান;

কর্মসূচির সাথে সংশ্লিষ্ট কার্বন ক্রেডিট ও জলবায়ু অর্থায়নের সুযোগ চিহ্নিতকরণ এবং প্যারিস চুক্তির আর্টিকেল-৬ সহ আন্তর্জাতিক অঙ্গীকারসমূহের আলোকে প্রয়োজনীয় কারিগরি পরামর্শ প্রদান;

দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক জলবায়ু তহবিল এবং আন্তর্জাতিক উন্নয়ন সহযোগীদের সঙ্গে যোগাযোগ স্থাপন ও অর্থায়ন সংগ্রহের কৌশল নির্ধারণে সহায়তা প্রদান;

কর্মসূচির অধীন কার্যক্রম, প্রকল্প ও উদ্যোগসমূহের নিরপেক্ষ পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং অগ্রগতি পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রদান;

কর্মসূচি সম্পর্কে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি, গণমাধ্যমে প্রচার ও কৌশলগত যোগাযোগ পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদান এবং পুলের সভা বছরে ন্যূনতম দুইবার অনুষ্ঠিত হবে; তবে প্রয়োজনে যেকোনো সময় সভা আহ্বান করা যাবে।

০২। পুলের সদস্যগণ স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে (voluntary basis) দায়িত্ব পালন করবেন; এ দায়িত্ব পালনের জন্য কোনো আর্থিক ও যাতায়াত/যানবাহন সুবিধা প্রদান করা হবে না।

০৩। বন অধিদপ্তর পরামর্শক পুল-কে সকল সাচিবিক সহযোগিতা প্রদান করবে।

০৪। পুল-এর পরামর্শে বৃক্ষরোপণ সেল প্রয়োজনে সদস্য কো-অপ্ট (co-opt) করতে পারবে।

০৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তুষার কুমার পাল**
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd